বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# ফ্লিপচার্ট

## বিষয়-০১
## প্রকল্প পরিচিতি



## টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প

SUFAL

THE WORLD BANK
IBRD • IDA | WORLD BANK GROUP

## বিষয় - ১

# প্রকল্প পরিচিতি

## চার্ট-১ ঃ টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প

- **প্রকল্পের মেয়াদঃ** জুলাই ২০১৮ থেকে জুন ২০২৩; [সংশোধিত মেয়াদ জুন ২০২৫ (প্রস্তাবিত)]
- **অর্থায়নেঃ** বিশ্বব্যাংকের ঋণ সহায়তা ও বাংলাদেশ সরকারের অনুদান
- **বাস্তবায়নেঃ** বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- **বিস্তৃতিঃ** বাংলাদেশের ২৮টি জেলার ১৬৭টি উপজেলা এবং ২টি সিটি কর্পোরেশন
- **মূল লক্ষ্য ও উদ্দেশ্যঃ** সহযোগিতামূলক বন ব্যবস্থাপনার উন্নয়ন এবং প্রকল্প এলাকায় বন নির্ভর জনগোষ্ঠীর সুযোগ-সুবিধা বৃদ্ধি।



# চার্ট-২ ঃ বন ও বনের গুরুত্ব

## বাংলাদেশের বন

- বাংলাদেশে সরকার নিয়ন্ত্রিত বনভূমির পরিমাণ প্রায় ২৩ লক্ষ হেক্টর, যা দেশের মোট আয়তনের প্রায় ১৫.৫৮%
- বন অধিদপ্তর নিয়ন্ত্রিত বনভূমির পরিমাণ প্রায় ১৬ লক্ষ হেক্টর, যা দেশের মোট আয়তনের প্রায় ১০.৭৪%
- বাংলাদেশে বৃক্ষ আচ্ছাদিত ভূমির পরিমাণ দেশের মোট আয়তনের প্রায় ২২.৩৭%
- বনের ধরণঃ পাহাড়ী বন, শালবন, প্রাকৃতিক ম্যানগ্রোভ বন, সৃজিত উপকূলীয় বন, জলাভূমির বন ইত্যাদি

## বনের গুরুত্ব

- জীববৈচিত্র্য ও বন্যপ্রাণীর আবাসস্থল সংরক্ষণ
- পরিবেশের ভারসাম্য বজায় রাখা
- প্রতিবেশ পরিষেবা (পানি, বায়ু, কার্বন আধার, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব প্রশমন ইত্যাদি)
- মানুষের দৈনন্দিন ব্যবহার্য দ্রব্যাদি, যথাঃ কাঠ, জ্বালানী, ফল, ফুল, পাতা ইত্যাদির যোগান

# চার্ট-৩ ঃ বন ধ্বংসের কারণসমূহ



বনজ দ্রব্যের চাহিদা বৃদ্ধি এবং অতি মাত্রায় আহরণ



নগরায়ন, শিল্পায়ন ও কৃষিকাজের জন্য বনভূমি ব্যবহার



জনসংখ্যা বৃদ্ধি ও বন নির্ভরশীলতা



অবৈধভাবে বৃক্ষ কর্তন



বনভূমি জবর দখল

# চার্ট-৪ ঃ বন নির্ভর জনগোষ্ঠীর জীবিকা উন্নয়ন

- বন নির্ভর জনগোষ্ঠীর জীবিকা উন্নয়নে বন ও বনজ সম্পদের ওপর নির্ভরশীলতা হ্রাস করে আর্থিক সক্ষমতা ও জীবনমান উন্নয়ন
- বন নির্ভর জনগোষ্ঠীর জীবিকা উন্নয়নে বিকল্প আয়বর্ধক কর্মসূচি গ্রহণ
- সুফল প্রকল্পের আওতায় গ্রাম পর্যায়ে সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা (সিএফএম) কার্যক্রম প্রবর্তন
- ৩০০ বন বিট সংলগ্ন ৬০০ গ্রামের আওতাধীন ৪০,০০০ পরিবার সিএফএম কার্যক্রমে সম্পৃক্ত করা
- বন সংরক্ষণে বন নির্ভর জনগোষ্ঠীর সাথে বন বিভাগের আরও বেশি ইতিবাচক সম্পর্ক তৈরি
- জনগণ বন থেকে অধিক সুফল লাভে এবং বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণে সহায়ক ভূমিকা পালন
- বন নির্ভর জনগোষ্ঠীর জলবায়ু সহনশীলতায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধি



# চার্ট-৫ : সুফল প্রকল্পে বন পুনঃপ্রতিষ্ঠা কার্যক্রম

## বনায়ন লক্ষ্যমাত্রা



পাহাড়ি বন: ৪৩,০০০ হেক্টর
সমতল ভূমির শালবন: ৯,৬৮৫ হেক্টর
উপকূলীয় বনায়ন: ২৪,৮৮০ হেক্টর



বন্যপ্রাণীর আবাস্থল উন্নয়ন: ২,৫০০ হেক্টর
করিডোর বনায়ন: ১,৩৩০ হেক্টর



স্ট্রিপ বনায়ন: ৩,৪৬০ কি.মি.



গোলপাতা বনায়ন: ১,৩৬০ কি.মি.

## বনায়ন পদ্ধতি

- অবক্ষয়িত ও বৃক্ষশূণ্য বনভূমিতে পুনঃ বনায়ন
- দ্রুত বর্ধনশীল ও স্বল্প বর্ধনশীল স্থানীয় প্রজাতির মিশ্র বনায়ন
- বিলুপ্তপ্রায় ও বিপদাপন্ন প্রজাতির বনায়ন
- বন্যপ্রাণীর আবাসস্থল এবং করিডোর উন্নয়নে বনায়ন
- ঔষধি গুল্ম ও ঔষধি বৃক্ষের বনায়ন
- বাঁশ, বেত ও মূর্তা বনায়ন
- শাল ও সেগুন কপিচ ব্যবস্থাপনা
- ম্যানগ্রোভ, ঝাউ ও গোলপাতা বনায়ন
- স্ট্রিপ বনায়ন ও চারা বিতরণ
- মডেল উপজেলা বনায়ন

## চার্ট-৬ ঃ জীববৈচিত্র্যের নিরাপত্তা ও বন সংরক্ষণে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের সুযোগ

- প্রাকৃতিক সম্পদ এবং প্রতিবেশ পরিষেবার ধরণ (nature and type) সনাক্তকরণ
- বনজ সম্পদ ও বন্যপ্রাণী সম্পর্কে গ্রামে সচেতনতা বৃদ্ধি
- বন উজাড় এবং অবক্ষয়ের জন্য দায়ী মনুষ্যসৃষ্ট, প্রাকৃতিক ও জলবায়ু পরিবর্তন জনিত কারণসমূহ সনাক্তকরণ
- সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা ও বন সংরক্ষণের সমস্যা এবং প্রয়োজনীয়তাসমূহ সনাক্তকরণ
- জীববৈচিত্র্যের নিরাপত্তা ও সংরক্ষণে কমিউনিটির ভূমিকা বৃদ্ধি
- অবৈধভাবে বনজদ্রব্য আহরণ এবং বন্যপ্রাণী শিকার বন্ধ করা
- বৃক্ষরোপণ, বন সংরক্ষণ এবং বন অপরাধের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণে বন বিভাগকে সহায়তা করা



## চার্ট-৭ ঃ প্রকল্পে বিভিন্ন আয়বর্ধক কাজের সুযোগ

- প্রকল্পের উন্নয়নমূলক কাজে (নার্সারি, বনায়ন, রক্ষণাবেক্ষণ ও পূর্তকাজ) কর্মসংস্থান
- বন পুনঃপ্রতিষ্ঠার (প্রতিবেশ বৈচিত্র্যকরণ ও নিবিড়করণ) মাধ্যমে কর্মসংস্থান
- বিকল্প আয়বর্ধক কাজের (প্রশিক্ষণ, বাজার সৃষ্টি ও দক্ষতা বৃদ্ধি) মাধ্যমে কর্মসংস্থান
- নার্সারি ও করাতকল মালিকদের প্রশিক্ষণ
- বন নির্ভর জনগোষ্ঠীর বন পাহারায় অংশগ্রহণ
- বাঁশ, বেত, মূর্তার কুটির শিল্পের বিকাশ
- ঔষধি গাছগাছালি আহরণ ও বাজারজাতকরন
- কার্বন আধার সৃষ্টি





## চার্ট-৮ ঃ বিকল্প জীবিকা নির্বাচনে বর্জনীয় বিষয়াদি

- একক ও আগ্রাসী প্রজাতির বনায়ন না করা
- বনভূমির অবক্ষয় ত্বরান্বিত করে এমন কর্মকান্ড (যেমন, ভূমি চাষ করে ফসলের আবাদ করা) না করা
- বনাঞ্চলে পানি প্রবাহে প্রতিবন্ধকতা সৃষ্টি না করা
- বনভূমিতে বনজ বৃক্ষ ছাড়া অন্য প্রজাতি রোপণ না করা
- প্রতিবেশ প্রক্রিয়ার জন্য ক্ষতিকর (বাগান সৃজনের পূর্বে আগাছা পোড়ানো) কার্যক্রম গ্রহণ না করা
- জলবায়ু পরিবর্তনের প্রভাব ত্বরান্বিত করে এমন কর্মকান্ড (বনভূমি জবরদখল, বনে গাছ কাটা, আগুন লাগানো, মাটি/পাথর/বালু সংগ্রহ) গ্রহণ না করা
- দরিদ্র ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীকে বঞ্চিতকরণ এবং জেন্ডার বৈষম্য বৃদ্ধি করে এরূপ কর্মসূচি গ্রহণ না করা
- পরিবেশ দূষণ ত্বরান্বিত করে এমন কর্মকান্ড না করা
- বন্যপ্রাণীর আবাসস্থল বিনষ্ট হয় এমন কর্মকান্ড গ্রহন না করা

